

ববি ভিসির দায়িত্বে ড. মাহবুব হাসান

বরিশাল প্রতিনিধি

২৭ জুন ২০১৯ ০০:০০ | আপডেট: ২৬ জুন ২০১৯ ২০:৫৬



দৈনিক আমাদের সময়
আমাদের সময়

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. একেএম মাহবুব হাসানকে নতুন উপাচার্য নিয়োগ না হওয়া পর্যন্ত উপাচার্যের দায়িত্ব পালন করতে বলা হয়েছে। প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতির নির্দেশক্রমে গত মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগের উপসচিব হাবিবুর রহমান স্বাক্ষরিত একটি চিঠিতে এ আদেশ জারি করা হয়। ইতিপূর্বে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিসি ছিলেন প্রফেসর ড. এসএম ইমামুল হক। তার পদত্যাগ দাবিতে শিক্ষার্থীদের আন্দোলনের ইন্ধনদাতা হিসেবে ট্রেজারার ড. একেএম মাহবুব হাসানের নাম উঠে আসে। ভিসির চেয়ারে বসতে ট্রেজারার আন্দোলনের ইন্ধন জোগান বলে অভিযোগ ছিল সাবেক ভিসির। ট্রেজারার অধ্যাপক ড. একেএম মাহবুব হাসান ভিসির দায়িত্ব পাওয়ার পর সাবেক ভিসির করা অভিযোগ আরও শক্ত হলো বলে মনে করছে সাবেক ভিসির অনুগত বিশ্ববিদ্যালয়ের একটি মহল। যদিও ট্রেজারার মাহবুব হাসান ইতিপূর্বে তার বিরুদ্ধে সাবেক ভিসির অভিযোগ ভিত্তিহীন বলে দাবি করেন। এমনকি তাকে ভিসি পদে দায়িত্ব দেওয়ার বিষয়টি পুরোপুরি প্রধানমন্ত্রী এবং মন্ত্রণালয়ের সিদ্ধান্ত বলেও জানিয়েছেন সংশ্লিষ্টরা।